

নাম প্রত্যাহার সংক্রান্ত চিঠি

(নবম থেকে দ্বাদশ গ্রেডের সকল শিক্ষার্থীর পিতামাতাদের, এবং 18 ও এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য)।

সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (রিজুটর) এবং উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানসমূহ যারা একাদশ (11) এবং দ্বাদশ (12) গ্রেডের হাই স্কুল শিক্ষার্থীদের নিম্নলিখিত তথ্যের জন্যে অনুরোধ জানাবে, ফেডারেল আইনের শর্ত অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE) তাদেরকে এই তথ্য দিতে বাধ্য থাকবে, এর ব্যতিক্রম হবে শুধুমাত্র সেসব ক্ষেত্রে, যখন শিক্ষার্থীর বয়স 17 বছরের কম হবে তখন পিতামাতা, অথবা যখন শিক্ষার্থীর বয়স 18 বা বেশি হবে তখন শিক্ষার্থী নিজে, এই তথ্য প্রকাশে DOE-কে লিখিতভাবে অসম্মতি প্রদান করে। শিক্ষার্থীর বয়স 18 থেকে কম হলে পিতামাতাকে অবশ্যই নাম প্রত্যাহারে স্বাক্ষর করতে হবে। শিক্ষার্থীর বয়স 18 কিংবা এরচেয়ে বেশি হলে, নাম প্রত্যাহারে শিক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষর করতে হবে।

- যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এই তথ্য অনুরোধ করেছে সেটাকে নাম, ঠিকানা, ও ফোন নম্বর দেয়া এবং/অথবা;
- যেসব সেনা সংগ্রাহক (রিজুটর) এই তথ্য অনুরোধ করেছেন, তাদেরকে শিক্ষার্থীর নাম, ঠিকানা, ফোন নম্বর এবং DOE-প্রদত্ত শিক্ষার্থীর ইমেইল ঠিকানা দেয়া। (অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, শিক্ষার্থীর DOE ইমেইল ঠিকানায় সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহকদের পাঠানো ইমেইল DOE নিয়ন্ত্রণ, স্পর্শক বা পর্যালোচনা করে না।)

যদিও আমাদের শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ, আমাদেরকে অবশ্যই আইন মেনেও চলতে হবে।

যদি আপনার সন্তানের বয়স 18 বছরের কম হয়, এবং আপনি এই তথ্য প্রকাশে সম্মত না হন, তবে আপনাকে অবশ্যই এই ফর্মটি পূরণ করতে এবং আপনার সন্তানের স্কুলে 22 অক্টোবর, 2025 তারিখের মধ্যে ফেরত দিতে হবে। এই তারিখের মধ্যে আপনি যদি ফর্ম ফেরত না দেন এবং আপনার সন্তান যদি একাদশ (11) অথবা দ্বাদশ (12) গ্রেডের শিক্ষার্থী হয়, তাহলে অনুরোধ সাপেক্ষে আমরা আপনার সন্তানের তথ্য প্রকাশ করবো। নবম (9) এবং দশম (10) গ্রেডের শিক্ষার্থীদের ক্ষেত্রে, এই অসম্মতির ফর্ম অগ্রিম পূরণ এবং সংরক্ষণ করা যাবে।

যদি আপনি এমন একজন শিক্ষার্থী হয়ে থাকেন, যার বয়স 18 বছর অথবা এরচেয়ে বেশি হয়, তাহলে তথ্য প্রকাশের সম্মতি আপনি দেবেন কিনা, সেই সিদ্ধান্ত অবশ্যই আপনাকেই নিতে হবে। 18 বা অধিক বয়সী শিক্ষার্থীরা, যারা তাদের তথ্য প্রকাশ করতে চান না, তাদেরকে অবশ্যই এই নাম প্রত্যাহারের ফর্ম 22 অক্টোবর, 2025 তারিখের মধ্যে পূরণ করে, স্বাক্ষর করে, তাদের স্কুলে জমা দিতে হবে। যদি নাম প্রত্যাহারের চিঠিটি জমা না দেয়া হয়, তাহলে শিক্ষার্থীর তথ্য অনুরোধ সাপেক্ষে প্রকাশ করা হবে।

18 বছর বয়সের কম শিক্ষার্থীদের পিতামাতাগণ এবং 18 বা তার অধিক বয়সী শিক্ষার্থী যারা এখনও ফর্ম পূরণ করেনি তারা DOE স্কুলে শিক্ষার্থী হিসেবে ভর্তি থাকাকালে যেকোনো সময় একটি ফর্ম পূরণ করতে পারেন। আরো তথ্য অথবা সহায়তা পেতে অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন। সহযোগিতার জন্যে আপনাকে ধন্যবাদ।

নাম প্রত্যাহারের ফর্ম

যদি আপনি উপরে উল্লিখিত তথ্য সামরিক বাহিনীর সেনা সংগ্রাহক (মিলিটারি রিজুটর) এবং/অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছে নাম প্রকাশ করতে না চান, তাহলে অনুগ্রহ করে এটা পূরণ করুন এবং নিচে স্বাক্ষর করুন। আপনি যদি তথ্য অপ্রকাশিত রাখতে না চান, তাহলে আপনাকে এই ফর্ম পূরণ করতে হবে না।

শিক্ষার্থীর নাম: _____ শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস: _____

স্কুলের নাম: _____

যদি শিক্ষার্থীর বয়স 18 বছরের কম হয়:

- আমি উপরে উল্লিখিত 18 বছরের কম বয়সী শিক্ষার্থীর পিতা বা মাতা।

অনুগ্রহ করে যথাযথ বক্সে টিক চিহ্ন দিন:

- সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকগণ (মিলিটারি রিজুটর): আমি চাইনা আমার সন্তানের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, শিক্ষার্থীর DOE ইমেইল ঠিকানা সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকদের কাছে প্রকাশ করা হোক।
- উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ: আমি চাইনা আমার সন্তানের নাম, ঠিকানা, এবং টেলিফোন নম্বর উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কাছে প্রকাশ করা হোক।
- উভয়: আমি চাইনা আমার সন্তানের তথ্য সামরিক বাহিনীর সেনা সংগ্রাহক (মিলিটারি রিজুটর) এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছে প্রকাশ করা হোক।

পিতামাতার নাম: _____

পিতামাতার স্বাক্ষর: _____ তারিখ: _____

যদি শিক্ষার্থীর বয়স 18 বা অধিক হয়:

- আমি নিচে উল্লিখিত শিক্ষার্থী, এবং আমার বয়স 18 বা এরচেয়ে বেশি।

অনুগ্রহ করে যথাযথ বক্সে টিক চিহ্ন দিন:

- সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকগণ (মিলিটারি রিজুটর): আমি চাইনা আমার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, এবং শিক্ষার্থীর DOE ইমেইল ঠিকানা সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকদের কাছে প্রকাশ করা হোক।
- উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ: আমি চাইনা আমার নাম, ঠিকানা, এবং টেলিফোন নম্বর উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছে প্রকাশ করা হোক।
- উভয়: আমি চাইনা আমার তথ্য সামরিক বাহিনীর সেনা সংগ্রাহকগণ (মিলিটারি রিজুটর) এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছে প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর নাম: _____

শিক্ষার্থীর স্বাক্ষর: _____ তারিখ: _____